# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৬১

১/ বিবিধ

আরবী

النساء لعب فتخيروا

منكر

رواه الحاكم في تاريخه وعنه الديلمي معلقا (3 / 110) من طريق ابن لهيعة عن الأحوص بن حكيم عن عمرو بن العاص مرفوعا

ذكره السيوطي في " اللآليء " (2 / 189) شاهدا لحديث علي بمعناه قال ابن الجوزي فيه: لا يصح

قلت: وهذا الشاهد سكت عنه السيوطي كغالب عادته، وهو ضعيف جدا فيه ثلاث علل: ابن لهيعة مشهور بالضعف، والأحوص قال ابن معين وابن المديني: ليس بشيء، ثم إنه منقطع بين الأحوص وعمرو، ولذلك قال ابن عراق (2 / 226) سنده ضعيف،

ومما يدل على نكارة الحديث أنه ثبت أن النبي صلى الله عليه وسلم قال

" إنما النساء شقائق الرجال "، وهو مخرج في " صحيح أبي داود " (234) قلت: فيبعد كل البعد أن يصفهن عليه الصلاة والسلام بأنهن " لعب "

وقد روى الحديث بأتم منه وهو ضعيف أيضا، وهو (الأتي)

বাংলা

৪৬১। নারীরা হচ্ছে খেলনার পাত্র, অতএব তোমরা তাদের বাছাই করে নাও।

হাদীসটি মুনকার।

এটি হাকিম তার “আত-তারীখ” গ্রন্থে এবং তার থেকে দাইলামী মুয়াল্লাক হিসাবে (৩/১১০) ইবনু লাহীয়ার সূত্রে আহওয়াস ইবনু হাকীম হতে ... মারফু হিসাবে বর্ণনা করেছেন। সুয়ূতী "আল-লাআলী" গ্রন্থে (২/১৮৯) হাদীসটি অনুরূপ অর্থে আলী (রাঃ) এর হাদীসের শাহেদ হিসাবে উল্লেখ করেছেন।

ইবনুল জাওযী বলেনঃ এটি সহীহ নয়।

আমি (আলবানী) বলছিঃ সুয়ূতী অভ্যাসগতভাবে এ শাহেদটির ব্যাপারে চুপ থেকেছেন, অথচ সেটি নিতান্তই দুর্বল। তাতে তিনটি সমস্যা রয়েছেঃ ইবনু লাহীয়াহ দুর্বলতায় প্রসিদ্ধ। আহওয়াস; তার সম্পর্কে ইবনু মাঈন এবং ইবনুল মাদীনী বলেনঃ তিনি কিছুই না। তার পরেও এটি হচ্ছে মুনকাতি। আহওয়াস এবং আমরের মধ্যে বিচ্ছিন্নতা রয়েছে। এ জন্যে ইবনু আররাক (২/২২৬) বলেনঃ হাদীসটির সনদ দুর্বল। হাদীসটি দুর্বল ও মুনকার হওয়ার প্রমাণ বহন করছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে সাব্যস্ত এ হাদীসটি “إنما النساء شقائق الرجال” নারীরা হচ্ছে পুরুষদের সহোদর। সহীহ্ আবূ দাউদঃ (২৩৪)।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=68046

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন